আজকের কাগজ

তারিখ 11 DEC 1995
পৃষ্ঠা ৬ কলাম ৮

33

## শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গমের দাবিতে শেরপুর থানা পরিষদ ঘেরাও

বগুড়ার শেরপুর থানার খামারকান্দি ইউনিয়নের প্রায় ২শ' জনগণ শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গম না পেয়ে থানা পরিষদ ঘেরাও করে। জানা গেছে, খামারকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান উক্ত ইউনিয়নের প্রাথমিক স্কুলগুলোতে ২৯ নভেম্বর গম বিতরণের জন্যে স্কুলগুলোতে চিঠি দেন। সেই মোতাবেক ছাত্রের অভিভাবকরা সকাল থেকেই ইউপি কার্যালয়ে আসে। সারাদিন অপেক্ষা করে গম না পেয়ে জনগণ বিকেলে থানা পরিষদ ঘেরাও করে। এর পর শিক্ষা অফিস ঘেরাও করে। পরে কর্মকর্তাদের আশ্বাসের ভিত্তিতে জনগণ ফিরে যায়। জানা গেছে, অক্টোবর মাসের বরাদ্দকৃত গম ১২ নভেম্বর উত্তোলন করা হয়। কিন্তু অজ্ঞাত কারণে বিতরণ করা হয়নি। এ ব্যাপারে থানা শিক্ষা কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান গম বিতরণের ব্যাপারে সহশিক্ষা কর্মকর্তা মজিদ দায়িত্ব দেয়া হয়েছে। শেরপুর থেকে নিমাই ঘোষ।